গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৬০০.২৫.০২৪.২৪. ২৬০

তারিখ : ০৫ চৈত্র ১৪৩১
১৯ মার্চ ২০২৫

বিষয়ঃ চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিচালনার জন্য ''কল্যাণ ট্রাস্ট ম্যানেজমেন্ট সিস্টেম'' বিষয়ক তথ্যপত্র প্রণয়ন ও প্রশিক্ষণ পরিচালনা।

সূত্রঃ প্রশিক্ষণ বিভাগের ০২ ডিসেম্বর ২০২৪ তারিখের ৩৮.০১.০০০০.৬০০.২৫.১০০.২৪.৮২৭ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে সকল উপজেলায় সূত্রোক্ত স্মারকে চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিচালনার নীতিমালা প্রেরণ করা হয়েছে। উক্ত নীতিমালা অনুসারে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণকে উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, শিক্ষক প্রতিনিধি সমন্বয়ে সভার মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে প্রাপ্ত প্রশিক্ষণ চাহিদা পর্যালোচনা করে চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণের বিষয় নির্বাচনপূর্বক তথ্যপত্র প্রণয়ন করার নির্দেশনা রয়েছে। বর্ণিত বিষয়ে ২য় পর্যায়ের সাব-ক্লাস্টার প্রশিক্ষণের তথ্যপত্র প্রণয়নের বিষয়বস্তু প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হয়েছে।

২। সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা, কাজের গতি তরান্বিত করা, জবাবদিহিত ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ইতোমধ্যে ''কল্যাণ ট্রাস্ট ম্যানেজমেন্ট সিস্টেম'' সফটওয়্যার বাস্তবায়নের জন্য প্রশাসন বিভাগ হতে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ''কল্যাণ ট্রাস্ট ম্যানেজমেন্ট সিস্টেম'' সফটওয়্যার বাস্তবায়ন বিষয়ে ২য় পর্যায়ের সাব-ক্লাস্টার প্রশিক্ষণের তথ্যপত্র প্রণয়নের নির্দেশনা রয়েছে। তাছাড়া পুরো প্রশিক্ষণের সময়কাল কার্যকরভাবে ব্যবহার করার জন্য উক্ত সফটওয়্যার বাস্তবায়নও অন্যান্য বিষয়ে আলোচনাও জরুরী।

৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রশাসন বিভাগ কর্তৃক পরিচালিত অনলাইন শিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে তথ্যপত্র প্রণয়নসহ অধিবেশন পরিকল্পনা গ্রহণ, অনুমোদন এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদন করতঃ ৯ এপ্রিল ২০২৫ তারিখ হতে ২য় পর্যায়ের সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৯/০৩/২০২৫

মোঃ বায়েজীদ খান
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৫৫০৭৪৮৯

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)..............................................

অনুলিপি:

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রংপুর বিভাগ।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল),..........................জেলা/ পিটিআই (সুপারিনটেনডেন্টগণ তাঁর আওতাধীন ইউআরসি/টিআরসিসমূহে পত্রে বর্ণিত কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে তথ্যপত্র প্রস্তুতি ও প্রেরণে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।
৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল).......................................... (প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি।